দৈনিক ইনকিলাব

তারিখ : 11 AUG 2009
পৃষ্ঠা ... কলাম ...

প্রাথমিক শিক্ষক নেতৃবৃন্দের সাক্ষাৎ

# প্রাথমিক বৃত্তি পরীক্ষা নয় সমাপনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে বৃত্তি ও ভর্তি

## —প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার

বাংলাদেশ সরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষক সমিতির একটি প্রতিনিধি দল গতকাল বিকেলে প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ডা: আফসারুল আমীন-এর সাথে সমিতির সভাপতি আবদুল আউয়াল তালুকদারের নেতৃত্বে মন্ত্রণালয়ের অফিস কক্ষে এক সাক্ষাতে মিলিত হন। মন্ত্রী বলেন, প্রাথমিক শিক্ষার পৃঃ ১৫ কঃ ৩

## প্রাথমিক বৃত্তি পরীক্ষা নয়

১৬-এর পৃষ্ঠার পর

গুণগত মান উন্নয়নের লক্ষ্যে ও জবাবদিহিতার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। তিনি বলেন, আগামী বছর থেকে প্রাথমিক বৃত্তি পরীক্ষার পরিবর্তে প্রাথমিক শিক্ষার সমাপনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতেই বৃত্তি প্রদানসহ মাধ্যমিক স্তরে ভর্তির ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়েছে। মন্ত্রী এ বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা দেয়ার জন্য সমিতির নেতৃবৃন্দ ও প্রাথমিক শিক্ষকদের প্রতি আহবান জানান। শিক্ষক নেতৃবৃন্দ মন্ত্রীর নিকট প্রাথমিক শিক্ষকদের সংগঠনের বিষয়ে ইতিপূর্বে জারিকৃত বিভাগীয় নির্দেশ বাস্তবায়নের অনুরোধ জানান। নেতৃবৃন্দ মন্ত্রীর নিকট সরকারী প্রাথমিক শিক্ষকদের নিয়োগবিধি সংশোধন, সহকারী শিক্ষক থেকে উচ্চ সকল পদে পদোন্নতির ব্যবস্থা করা, প্রধান শিক্ষকদের ২য় শ্রেণীর মর্যাদাসহ ১৯ দফা দাবী সম্বলিত সুপারিশমালা মন্ত্রীর নিকট পেশ করেন। প্রতিনিধি দলে অন্যান্যের মধ্যে ছিলেন সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেন ভূইয়া, যুগ্ম সাধারণ সম্পাদক মুহাম্মদ মনিরুল ইসলাম ও উপদেষ্টা মহসিন আলী ভূইয়া।

### বেসরকারী প্রাথমিক শিক্ষক প্রতিনিধি দলের সাক্ষাৎ

বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির ৭ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল গতকাল বিকেল ৩টায় প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রীর সাথে তার কক্ষে এক সাক্ষাতে মিলিত হন। সমিতির নেতৃবৃন্দ শিক্ষকদের শতভাগ বেতনের সাথে পূর্ণাঙ্গ বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতাসহ ৯টি দাবী নিয়ে আলোচনা করেন। মন্ত্রী বলেন, সরকার জনগণের প্রত্যাশা পূরণ নিয়ে অঙ্গীকারবদ্ধ। শুরুতেই সরকার ২২ হাজার বেসরকারী প্রাথমিক শিক্ষককে শতভাগ সরকারী বেতন দেয়ার পদক্ষেপ নিয়েছে। অন্যান্য দাবীসমূহ সমাধানে পর্যায়ক্রমে সিদ্ধান্ত নেয়া হবে। তিনি বলেন, প্রাথমিক শিক্ষার উন্নতি হলে জাতির উন্নতি হবে। আর এ দায়িত্ব পালন করতে হবে প্রাথমিক শিক্ষকদের। মন্ত্রী বলেন, ইতোমধ্যেই প্রধান শিক্ষকের পদ সৃষ্টি ও বেতন স্কেল প্রদান করা হয়েছে। বেসরকারী শিক্ষকদের দক্ষতা নিরূপণ পরীক্ষা বাতিল করে সরকারী প্রাথমিক শিক্ষকদের ন্যায় মর্যাদা ও বেতন দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন সভাপতি মোহাম্মদ শামসুল আলম, মহাসচিব মৃগেন্দ্র মোহন শাহা, মীর মোহাম্মদ গিয়াস উদ্দিন, মোঃ কামাল পাশা, হাসানুজ্জামান রতন, মোঃ ইসহাক, মোঃ জাকির হোসেন ও জুনু খিসা।